দৈনিক বার্তা

MAR. 23 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃঃ ২১ কলাম ৬....

# দুই দিনে ছাত্র ও যুবলীগের পাঁচ নেতা গ্রেফতার ॥ জিল্লুর রহমানের প্রতিবাদ

**স্টাফ রিপোর্টার** ॥ রাজধানীর বিভিন্ন এলাকায় আওয়ামী লীগের নেতাকর্মীদের ধরপাকড় চলছে। গত দুই দিনে রাজধানীর সবুজবাগ এলাকা থেকে ছাত্রলীগ ও যুবলীগের পাঁচ নেতাকে গ্রেফতার করা হয়েছে। বিশেষ করে ছাত্রলীগের সম্মেলনকে সামনে রেখে বিভিন্ন এলাকা থেকে ছাত্রলীগ নেতাকর্মীদের ধরা হচ্ছে। আগামী ৩ এপ্রিল পল্টন ময়দানে ছাত্রলীগের জাতীয় সম্মেলন অনুষ্ঠিত হবে। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জিল্লুর রহমান দলের অঙ্গ সংগঠনের নেতাকর্মীদের এই অব্যাহত ধরপাকড়ের তীব্র প্রতিবাদ জানিয়েছে।